

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৩৮

আগরতলা, ৩১ মার্চ, ২০২৪

তৃষণা অভয়ারণ্য পরিদর্শনে রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ বিকেলে দক্ষিণ ত্রিপুরা জেলার তৃষণা অভয়ারণ্য পরিদর্শন করেন। অভয়ারণ্যে রাজ্যপাল বাইসনও পরিদর্শন করেন। দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া সফরে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এদিন প্রথমে বাটারফ্লাই পার্ক পরিদর্শন করেন। রাজ্যপাল বাটারফ্লাই পার্কের বাটারফ্লাই এনক্লোজার ও ইনকিউবেশন সেন্টার ঘুরে দেখেন। বাটারফ্লাই পার্ক পরিদর্শনের সময় বনদপ্তরের আধিকারিক পার্কের রক্ষনাবেক্ষন ও প্রজাপতির সংরক্ষনের বিষয়গুলি রাজ্যপালকে অবহিত করেন। রাজ্যপাল এদিন বিলোনীয়া মহকুমার রাজনগর ব্লকের চোত্তাখোলায় মৈত্রী উদ্যানও পরিদর্শন করেন। পরিদর্শনের সময় পিসিসিএফ আর কে সামল, পুলিশ সুপার এ কে সিনহা, জেলা বন আধিকারিক প্রীতম ভট্টাচার্য, অতিরিক্ত জেলাশাসক সুরত রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*